



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : মুজিবনগর আদর্শ মহিলা কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে ছাত্রী ভর্তি ও পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২২-০৬-২০১৭ খ্রি. তারিখের- ৩৭.০০.০০০০.০৭০.১৫.০০৩.২০১৪-২০১৮ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন "মুজিবনগর আদর্শ মহিলা কলেজে" ছাত্রী ভর্তি ও পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণির পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্বচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' গুচ্ছ হতে ৩টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ
১। পৌরনীতি ও সুশাসন	১। পদার্থ বিজ্ঞান	১। হিসাব বিজ্ঞান
২। ভূগোল	২। রসায়ন বিজ্ঞান	২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। সমাজ কর্ম	৩। জীব বিজ্ঞান	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। কৃষি শিক্ষা	৪। উচ্চতর গণিত	৪। অর্থনীতি

শর্তাদি :-

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদী সংশ্লিষ্ট কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও পাশের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারে।
- বে-সরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধের সাথে সাংঘর্ষিক এমন কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- পরীক্ষার পূর্বে প্রতি বিভাগের জন্য ৩০০০/- ফিস জমা বাবদ পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (একাডেমিক স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।
- গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- এ বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

ফোন ৪০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

মুজিবনগর আদর্শ মহিলা কলেজ

ডাক: কেদারগঞ্জ, মুজিবনগর, মেহেরপুর।

স্মারক নং -ক/অ/ ৩২২(২৩)/(২-২৩)

তারিখ : ০৪/৭/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, মেহেরপুর।
- জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- সভাপতি, পরিচালনা পরিষদ, মুজিবনগর আদর্শ মহিলা কলেজ, ডাক: কেদারগঞ্জ, মুজিবনগর, মেহেরপুর।
- সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর